# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: কৃষি শিক্ষা

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম** অধ্যায়: বাংলাদেশের কৃষি ও আন্তর্জাতিক প্রেক্ষাপট | পাঠ-১: কৃষিতে বিজ্ঞানীদের অবদান<br>পাঠ -২: বাংলাদেশের মানুষের জীবন, সংস্কৃতি এবং কৃষির আধুনিকায়ন<br>পাঠ-৩: বিশ্বের বিভিন্ন দেশের কৃষির অগ্রগতি<br>পাঠ-৪: এশীয় ও বিশ্ব-প্রেক্ষাপটে বাংলাদেশের কৃষির তুলনা<br>পাঠ-৫: বাংলাদেশ ও ভারত<br>পাঠ-৬: ফসলের মৌসুম নির্ভরশীলতা কাটিয়ে উঠা | রুমির বাবা একজন কৃষি বিজ্ঞানী। তিনি মিষ্টি ও উচ্চফলনশীল আমের একটি জাত উদ্ভাবন করেন যা বারি-৪ নামে মাঠ পর্যায়ে সফলভাবে উৎপাদিত হচ্ছে। গত ১৬ই ডিসেম্বর ২০২০ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর এই অবদানের জন্য তাঁকে রাষ্ট্রপতি পদক প্রদান করে সম্মানিত করেন। রুমির বাবার এমন সম্মান প্রাপ্তির পিছনে নিম্নলিখিত বিষয়গুলো তার মনে যে আলোড়ন সৃষ্টি করেছে সে ব্যাপারে তোমার সুচিন্তিত মতামত উল্লেখ কর-<br><br>১. ধান, পাট, গম, আখ, চাষযোগ্য কৈ মাছ, মিষ্টি জাতের আম, মাল্টা ইত্যাদি উদ্ভাবনে কাদের নিরলস পরিশ্রম ও গবেষণায় অবদান রয়েছে?<br><br>২. কোন কোন প্রতিষ্ঠান গবেষণার মাধ্যমে এসব নতুন জাত উদ্ভাবন করেছেন?<br><br>৩। ধান গবেষণা প্রতিষ্ঠান (BRRI) থেকে ধানের কোন কোন জাত উদ্ভাবন করেছেন?<br><br>৪। কৃষি বিজ্ঞানীরা ধান ছাড়াও অন্যান্য কি কি জাত উদ্ভাবন করেছেন-যা কৃষকেরা মাঠে চাষাবাদ করে বাংলাদেশের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন?<br><br>৫। এ সমস্ত কৃষিজাত দ্রব্য উৎপাদনের মাধ্যমে মানুষের কোন ধরনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে? | ১. এনসিটিবি কর্তৃক প্রণীত ২০২১ সালের কৃষি শিক্ষা বিষয়ের প্রথম অধ্যায় পাঠ<br><br>২. ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য সংগ্রহ<br><br>৩. বিষয় শিক্ষকের পরামর্শ গ্রহণ<br><br>৪. অভিভাবকের মতামত গ্রহণ<br><br>৫. স্বাস্থ্যবিধি মেনে নিকট প্রতিবেশির সাথে পরামর্শ | **অতি উত্তম:**<br>১. পরিপূর্ণতায় বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য, ধারণা ইত্যাদি পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ<br>৩. লেখার সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতা<br>২. তথ্য ধারণা অধিকাংশই পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা থাকলেও ধারাবাহিকতার অভাব।<br>২. তথ্য, ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতার ও ধারাবাহিকতার অভাব<br>২. তথ্য, ধারনা পাঠ্যপুস্তকের সাথে সংগতিপূর্ণ নয়। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম


বিষয়: গার্হস্থ্য বিজ্ঞান

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: গৃহ সম্পদের সুষ্ঠু ব্যবহার | পাঠ-১: গৃহ সম্পদ<br>পাঠ-২: সময় ও শক্তির পরিকল্পনা<br>পাঠ-৩: অর্থ পরিকল্পনা<br>পাঠ-৪: পরিবারের যৌথ সম্পদেও সুষ্ঠু ব্যবহার | ১। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় তুমি সারাদিন বাসায় অবস্থান করছো। সময় তালিকা প্রণয়ন করে লেখা-পড়া ও অন্যান্য কাজ-কর্ম করা উচিত। তাই এ পরিস্থিতিতে তোমার দৈনন্দিন কাজকর্ম কীভাবে করছো-<br><br>(ক) তোমার সারাদিনের কর্মকান্ডের জন্য একটি সময় তালিকা প্রণয়ন কর।<br><br>(খ) সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।<br><br>(গ) সময় তালিকা প্রণয়নের ক্ষেত্রে তুমি কোন কোন বিষয় বিবেচনা করেছো? | শিক্ষার্থীদেরকে নিজের পাঠ্যপুস্তক ভালোভাবে পড়তে নির্দেশ দিন। | অতি উত্তম:<br>১। সময় তালিকা তৈরি করতে পারা<br>২। সময় তালিকায় কাজের ধারাবাহিকতা থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br>৬। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>উত্তম:<br>১। সময় তালিকা তৈরি করতে পারা<br>২। সময় তালিকায় কাজের বিবরণে ধারাবাহিকতা থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠনঠিক থাকা<br>৬। লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>ভালো:<br>১। সময় তালিকা তৈরি করতে পারা<br>২। সময় তালিকায় কাজের বিবরণে আংশিক ধারাবাহিকতা থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br>৬। লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>অগ্রগতি প্রয়োজন:<br>১। ঠিকভাবে সময় তালিকা তৈরি করতে না পারা<br>২। সময় তালিকায় কাজের ধারাবাহিকতা না থাকা<br>৩। সময় তালিকা প্রণয়নের প্রয়োজনীয়তা আংশিক ব্যাখ্যা করতে পারা<br>৪। সময় তালিকার বিবেচ্য বিষয়গুলো আংশিক লিখতে পারা<br>৫। বানান ও বাক্য গঠন ঠিক না থাকা<br>৬। লেখায় নিজস্বতা ও সৃজনশীলতার অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৮ম

বিষয়: গণিত

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | প্রথম অধ্যায়: প্যাটার্ন | ১.১ প্যাটার্ন<br>১.২ স্বাভাবিক সংখ্যার প্যাটার্ন<br>১.৩ সংখ্যাকে দুইটি বর্গের সমষ্টি রূপে প্রকাশ<br>১.৪ ম্যাজিক বর্গ গঠন<br>১.৫ সংখ্যা নিয়ে খেলা<br>১.৬ জ্যামিতিক প্যাটার্ন | <br>চিত্র-১ চিত্র-২ চিত্র-৩<br>উপরের জ্যামিতিক চিত্রগুলো সমান দৈর্ঘ্যের রেখাংশ দিয়ে তৈরি করা একটি প্যাটার্ন।<br>(ক) প্যাটার্নের চতুর্থ চিত্রটি তৈরি করে রেখাংশের সংখ্যা নির্ণয় কর।<br>(খ) উল্লেখিত প্যাটার্নটি কোন বীজ গণিতীয় রাশিকে সমর্থন করে তা যুক্তিসহ উপস্থাপন কর।<br>(গ) উল্লেখিত প্যাটার্নটির প্রথম ২০টি চিত্র তৈরি করতে মোট কতটি রেখাংশ দরকার হবে- তা নির্ণয় কর। | স্কেল ব্যবহার করে চিত্র অঙ্কন করবে। অতঃপর সমস্যাগুলো সমাধান করবে। | ক.<br>১.পরবর্তী চিত্রটি অঙ্কন।<br>২. পরবর্তী চিত্রটির রেখাংশের সংখ্যা নির্ণয়।<br>খ.<br>১. বীজগণিতীয় রাশিতে প্রকাশের যুক্তি উপস্থাপন।<br>২. বীজগণিতীয় রাশিতে প্রকাশ।<br>গ.<br>১. সমষ্টি নির্ণয়ের সূত্র।<br>২. রেখাংশের সমষ্টি নির্ণয়। |